

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৭৮

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة) পরিচ্ছেদঃ ৫/১১৭. বিতর সালাতে দু'আ কুনৃত।

بَابِ مَا جَاءَ فِي الْقُنُوتِ فِي الْوِتْرِ

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا شَرِيكٌ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ بُرَيْدِ بْنِ أَبِي مَرْيَمَ، عَنْ أَبِي الْحَوْرَاءِ، عَنِ الْحَسَنِ بْنِ عَلِيّ، قَالَ عَلَّمَنِي جَدِّي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم لَي الْحَوْرَاءِ، عَنِ الْحَسَنِ بْنِ عَلِيّ، قَالَ عَلَّمَنِي جَدِّي رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ كَلِمَاتٍ أَقُولُهُنَّ فِي قُنُوتِ الْوِتْرِ " اللَّهُمَّ عَافِنِي فِيمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِي فِيمَنْ تَولَيْتَ وَلَا يُقْضَى وَلا يُقْضَى وَلا يُقْضَى عَلَيْكَ إِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَالَيْتَ سُبْحَانَكَ رَبَّنَا تَبَارَكْتَ وَتَعَالَيْتَ ".

বাংলা

১/১১৭৮। হাসান ইবনু আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার নানা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আমাকে বিতর সালাতের কুনৃতে পড়ার জন্য কতগুলো বাক্য শিক্ষা দিয়েছেঃ "আল্লাহ্মাহদিনী ফীমান হাদাইতা ওয়া'আ-ফিনী ফীমান 'আ-ফাইতা ওয়া তাওয়াল্লানী ফীমান তাওয়াল্লাইতা ওয়া বা-রিক লী ফীমা আ'তাইতা ওয়াকিনী শাররা মা কাদাইতা, ইন্নাকা তাকদী ওয়ালা ইউকদা 'আলাইকা ওয়া ইন্নাহ্ছ লা ইয়াযিল্লু মান ওয়ালাইতা ওয়ালা ইয়াইযু মান 'আ-দাইতা তাবা-রাকতা রববানা ওয়া তা'আলাইতা।" হে আল্লাহ্! যাদের প্রতি তুমি উদারতা প্রদর্শন করেছাে, তাদের সাথে আমাকেও উদারতা প্রদর্শন করাে, যাদের তুমি অভিভাবকত্ব গ্রহণ করেছাে, তাদের সাথে আমারেও অভিভাবকত্ব গ্রহণ করাে, যাদের তুমি হিদায়াত দান করেছাে তাদের সাথে আমাকেও হিদায়াত দান করাে। তোমার নির্ধারিত অকল্যাণ থেকে আমাকে রক্ষা করাে। তুমি আমাকে যা দান করেছাে তাতে বরকত দাও। কেবল তুমিই নির্দেশ দিতে পারাে, তোমার উপর কারাে নির্দেশ চলে না। তুমি যার পৃষ্ঠপাষকতা দাও, সে কখনও অপমানিত হয় না। হে আমাদের রব! তুমি পবিত্র, কল্যাণময় ও সুউচ্চ।

English

It was narrated that Al-Hasan bin 'Ali said:

"My grandfather, the Messenger of Allah (ﷺ), taught me some words to say in Qunut of Witr: Allahumma 'afini fiman 'afait, wa tawallani fiman tawallait,



wahdini fiman hadait, wa qini sharra ma qadait, wa barik li fima a'tait. Innaka taqdi wa la yuqda 'alaik, innahu la yudhillu man walait. Subhanaka rabbana tabarakta wa ta'alait (O Allah, pardon me along with those whom You have pardoned, be an ally to me along with those whom You are an ally to, guide me along with those whom You have guided, protect me from the evil that You have decreed, and bless for me that which You have bestowed. For verily You decree and none can decree over You. He whom You support can never be humiliated. Glory is to You, our Lord, You are Blessed and Exalted)."

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: তিরমিয়ী,৪৬৪, না,১৭৪৫, ১৭৪৬ আহমাদ, ১৪২৫ আ, ১৭২০, ২৭৮২০।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৪২৯, মিশকাত ১২৭৩, তালীক ইবনু খুযাইমাহ ১০৯৫, সহীহ আবী দাউদ ১১৮১।

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। নামাজের মধ্যে দাঁড়িয়ে থাকা অবস্থায় একটি নির্দিষ্ট সময়ে ও স্থানে দোয়া পাঠ করাকে কুনূতের দোয়া বলা হয়। বেতর নামাজে কুনূতের দোয়া পাঠ করার বিষয়টি আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] থেকে নির্ভরযোগ্য পন্থায় সাব্যস্ত হয় নি। তবে তিনি আল হাসান বিন আলী [রাদিয়াল্লাহু আনহুমা] কে বেতর নামাজের কুনূতে পাঠ করার জন্য এই দোয়াটি শিখিয়ে দিয়েছেন। তাই মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন বেতর নামাজে কুনূতের এই দোয়াটি কোনো কোনো সময় পাঠ করে।
- ২। বেতর নামাজের শেষ রাকাতে রুকূর পূর্বে অথবা রুকূ থেকে উঠার পর, উভয় অবস্থায় কুনূতের দোয়া পাঠ করা জায়েজ। কুনূতের দোয়াটি হলো এই যে,

"أَللَّهُمَّ اهْدِنِيْ فِيْمَنْ هَدَيْتَ، وَعَافِنِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَتَوَلَّنِيْ فِيْمَنْ تَوَلَّيْتَ، وَبَارِكْ لِيْ فِيْمَنْ عَافَيْتَ، وَقِنِيْ شَرَّمَا وَتَوَلَّنِيْ فِيْمَنْ تَوَلَّيْتَ، وَبَارِكْ لِيْ فِيْمَنْ عَادَيْتَ، تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ". قُضَيْتَ؛ إِنَّكَ تَقْضِيْ وَلاَ يُقضَى عَلَيْكَ، وَإِنَّهُ لاَ يَذِلُّ مَنْ وَّالَيْتَ، وَلاَ يَعِزُّ مَنْ عَادَيْتَ، تَبَارَكْتَ رَبَّنَا وَتَعَالَيْتَ".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আল-হাসান ইবন আলী (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন